# ০১-০২-২০২৫ তারিখ থেকে ২৮-০২-২০২৫ তারিখ পর্যন্ত আনসার সদস্য কর্তৃক আটক ও উদ্ধার সংক্রান্ত কাজের সারসংক্ষেপঃ

| ক্র: নং | তারিখ, স্থান ও ঘটনার বিবরণ | ঘটনার ছবি |
|---|---|---|
| ১. | **তাং ০১/০২/২০২৫**<br>গত ০১/০২/২৫ তারিখ রাত আনুমানিক ০৪:১৫ ঘটিকায় হাতিরঝিল আনসার গার্ড এলাকার মহানগর ব্রিজের উপর থেকে এলইডি লাইট চুরি করার সময় ডিউটিরত আনসার সদস্যগণ দুইজন চোরকে আটক করে। বিষয়টি তাৎক্ষণিকভাবে সংস্থা কর্তৃপক্ষকে অবহিত করেন এবং লাইটসহ চোরকে কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। |  |
| ২. | **তাং ০১/০২/২০২৫**<br>গত ০১/০২/২০২৫ তারিখ আনুমানিক ১৭:০০ ঘটিকায় বি শিফট ডিউটি চলাকালীন সময়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের বহুতল কার পার্কিং এলাকায় ডিউটিরত আনসার সদস্যগণ মালিকবিহীন একটি ব্যাগ দেখতে পেয়ে নিজ হেফাজতে রাখেন এবং পরবর্তীতে ১৯:৪০ ঘটিকায় ব্যাগটির প্রকৃত মালিক উপস্থিত হলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষে ব্যাগটি হস্তান্তর করেন। |  |
| ৩. | **তাং ০২/০২/২০২৫**<br>গত ০২/০২/২০২৫ তারিখ আনুমানিক রাত ১.০০ ঘটিকায় চৌদ্দগ্রাম উপজেলার ইউএনও এর সাথে আনসার সদস্যের ডিউটি চলাকালীন সময়ে চৌদ্দগ্রাম উপজেলার কাশিনগর ইউনিয়ন থেকে অবৈধভাবে মাটি খননকারীকে হাতেনাতে আটক করেন এবং পরবর্তীতে চৌদ্দগ্রাম উপজেলার ইউএনও এর উপস্থিতিতে চৌদ্দগ্রাম থানায় পুলিশের নিকট হস্তান্তর করেন। |  |

| | | |
|---|---|---|
| ৪. | **তাং ০৩/০২/২০২৫**<br>গত ০৩/০২/২৫ তারিখ আনুমানিক বেলা ১১:৪০ ঘটিকায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের ১২ নং ওয়ার্ড হতে ডিউটিরত আনসার সদস্য একজন মোবাইল চোরকে আটক করে পুলিশের নিকট সোপর্দ করেন। |  |
| ৫. | **তাং ০৩/০২/২০২৫**<br>গত ০৩/০২/২০২৫ তারিখ বিকাল আনুমানিক ৩.০০ ঘটিকায় নির্বাহী ম্যাজিস্ট্রেটের সাথে যৌথ বাহিনীর অভিযানে রসুলপুর রেলষ্টেশনে ট্রেন হতে আনসার ব্যাটালিয়ন, পুলিশ ও বিজিবির সহযোগিতায় ৯৮ হাজার অবৈধ আতশবাজি উদ্ধার করা হয় যার আনুমানিক মূল্য বিশ লক্ষ টাকা। পরবর্তীতে উক্ত মালামালসমূহ বিজিবির নিকট হস্তান্তর করা হয়। |  |
| ৬. | **তাং ০৪/০২/২০২৫**<br>গত ০৪/০২/২০২৫ তারিখ আনুমানিক ১৬:৩০ ঘটিকায় ঢাকা মহানগর আনসার পূর্ব জোনের আওতাধীন হাতিরঝিল আনসার গার্ডের ডিউটিরত আনসার সদস্যগণ হাতিরঝিলের রামপুরা প্রবেশ পথ এলাকা হতে তিন বছরের একটি শিশুকে উদ্ধার করেন। পরবর্তীতে আশেপাশে খোঁজাখুজির পর কোন অভিভাবক না পাওয়ায় হাতিরঝিল থানায় বিষয়টি অবগত করলে উক্ত থানার এএসআই এর মাধ্যমে শিশুটিকে হাতিরঝিল থানায় হস্তান্তর করেন। |  |
| ৭. | **তাং ০৬/০২/২০২৫**<br>গত ০৬/০২/২০২৫ তারিখ আনুমানিক ১১:২০ ঘটিকায় এ শিফট ডিউটি চলাকালীন সময়ে দায়িত্বরত আনসারগণ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ক্যানোপি ০২ এ একটি মালিকবিহীন লাগেজ পান। উক্ত বিষয়টি তারা তাদের কমান্ডারকে অবহিত করেন। কমান্ডার পিসি নিজাম উদ্দিন উপস্থিত হয়ে লাগেজটির প্রকৃত মালিককে খোঁজ করেন। পরবর্তীতে মালিককে না পেয়ে ১২:৫০ ঘটিকায় এভসেক অফিসে লাগেজটি হস্তান্তর করেন। |  |

| | | |
|---|---|---|
| ৮. | **তাং ০৬/০২/২০২৫**<br>গত ০৬/০২/২০২৫ খ্রি: আনুমানিক ১৪:৩০ ঘটিকায় বি শিফট চলাকালীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ডমেস্টিক ড্রাইভওয়েতে একটি মানিব্যাগ পেয়ে ডিউটিরত আনসার সদস্য নিজ হেফাজতে রাখেন। পরবর্তীতে মালিক উপস্থিত হলে উপযুক্ত তথ্যপ্রমাণ সাপেক্ষে এভসেক সদস্যের উপস্থিতিতে মানিব্যাগ হস্তান্তর করা হয়। |  |
| ৯. | **তাং ০৬/০২/২০২৫**<br>গত ০৬/০২/২০২৫ রাত ৯:৩০ ঘটিকায় খুলনা বিভাগীয় গ্রন্থগারে আয়োজিত মাসব্যাপী একুশে বই মেলায় ভিডিপি সদস্য কতৃক দুজন চোর আটক করা হয় । বইমেলায় ২ জন চোর বই চুরির সময় ডিউটিরত ভিডিপি সদস্যদের দৃষ্টিগোচর হলে তারা চোরদের হাতেনাতে ধরে ফেলে। পরবর্তীতে গ্রন্থগারের উপপরিচালকের  তত্বাবধানে তাদেরকে মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়। |  |
| ১০. | **তাং ০৬/০২/২০২৫**<br>গত ০৬/০২/২০২৫ তারিখে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ইমারজেন্সি অর্থোপেডিক বিভাগের ৯ নং ওয়ার্ড থেকে আনুমানিক রাত ১১.৪৫ ঘটিকায় ১ জন মহিলাচোর রোগীর মোবাইল চুরি করে। ডিউটিরত আনসার সদস্য মোবাইলসহ চোরকে আটক করে এবং পরবর্তীতে থানায় হস্তান্তর করেন। |  |
| ১১. | **তাং ০৭/০২/২০২৫**<br>গত ০৭/০২/২০২৫ তারিখে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের পুরাতন বিল্ডিং ১০ নং ওয়ার্ড থেকে মোবাইল চুরি করার সময় ডিউটিরত আনসার সদস্য উক্ত চোরকে মোবাইলসহ আটক করেন এবং পরবর্তীতে চোরটিকে থানায় হস্তান্তর করেন। |  |
| ১২. | **তাং ০৭/০২/২০২৫**<br>গত ০৭-০২-২০২৫ ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল থেকে ইনজেকশন ও সিরিঞ্জসহ মকবুল খান (৫৫) নামে একজন পরিচ্ছন্নকর্মী কে আনসার সদস্যরা আটক করেন। এ সময় তার কাছ থেকে ৮০০ পিস ডিসটিল ওয়াটার ইনজেকশন ও ১৯৮ পিস সিরিঞ্জ পাওয়া যায়। পরবর্তীতে হাসপাতালের পরিচালকের  নির্দেশনায় মুচলেকা নিয়ে ওয়ার্ড মাস্টারের জিম্মায় তাকে ছেড়ে দেওয়া হয় এবং শনিবারে তাকে অফিসে হাজির করার নির্দেশও দেন পরিচালক। |  |

| | | |
|---|---|---|
| ১৩. | **তাং ০৮/০২/২০২৫**<br>গত ০৮/০২/২০২৫ তারিখে বি-শিফট ডিউটি চলাকালীন সময় আনুমানিক ১৭.১০ ঘটিকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ক্যানোপি ১ এর অভ্যন্তরে পাসপোর্ট, ল্যাপটপ এবং বেশ কিছু ডলারসহ মালিকবিহীন একটি লাগেজ পান। ডিউটিরত আনসার সদস্য প্রকৃত মালিককে খুঁজে বের করে লাগেজটি মালিকের নিকট হস্তান্তর করেন। |  |
| ১৪. | **তাং ০৯/০২/২০২৫**<br>গত ০৯/০২/২০২৫ তারিখে আনুমানিক ১৫.০০ ঘটিকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ৩য় টার্মিনালের সিপি ২ পোষ্ট ডিউটিরত আনসার সদস্য ০৬ কেজির অধিক তামার তার এবং ৩য় টার্মিনাল নির্মাণের জন্য এ্যালুমিনিয়ামের বিভিন্ন অ্যাঙ্গেল চুরি করে নিয়ে যাওয়ার সময় ২ জন চোরকে আটক করেন এবং পরবর্তীতে ০২ জন চোরকে এডিসি সদর দপ্তরে সোপর্দ করেন। |  |
| ১৫. | **তাং ১০/০২/২০২৫**<br>গত ১০/০২/২০২৫ তারিখ রাত আনুমানিক ৩.০০ ঘটিকায় জিএমজি মোড় মহাখালী সংযোগের কাছে হাতিরঝিলের সরকারী মালামাল রড ও অ্যাঙ্গেল চুরি করে নিয়ে যাওয়ার সময় ডিউটিরত আনসার সদস্য ০৩ জন চোরকে আটক করেন। পরবর্তীতে সংস্থা কর্তৃপক্ষকে অবগত করেন এবং ০৩ জন চোরকে সংস্থা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। |  |
| ১৬. | **তাং ১০/০২/২০২৫**<br>গত ১০/০২/২৫ইং খ্রিঃ রাত আনুমানিক ০৪.৩০ ঘটিকায় ঢাকা মহানগর আনসার পূর্ব জোনের আওতাধীন হাতিরঝিল আনসার গার্ডে হাতিরঝিল এলাকার মধুবাগ ওভারপাস এর ঢালের পার্শ্বে আনসার সদস্যগণ দায়িত্ব পালনকালীন সময়ে দুই জন চোরকে মাছ ধরার সময় হাতেনাতে আটক করে। পরবর্তীতে উপঃনির্বাহী প্রকৌশলীকে বিষয়টি অবগত করলে ভবিষ্যতে হাতিরঝিল এলাকায় তারা আর মাছ চুরি করে ধরার জন্য আসবে না মর্মে লিখিত নিয়ে ছেড়ে দেন। |  |

| | | |
|---|---|---|
| ১৭. | **তাং ১১/০২/২০২৫**<br>গত ১১/০২/২০২৫ তারিখ এ শিফট ডিউটি চলাকালীন সময় ১২.৩০ ঘটিকায় কুর্মিটোলা জেনারেল হাসপাতালের আউটডোর এলাকায় ৬ বছর বয়সের একজন শিশুকে অভিভাবকহীন অবস্থায় দেখতে পেয়ে ডিউটিরত আনসার সদস্যরা শিশুটিকে তাদের হেফাজতে রাখেন এবং পরবর্তীতে শিশুটির বাবা মাকে খুঁজে পেয়ে তাদের নিকট শিশুটিকে হস্তান্তর করেন। |  |
| ১৮. | **তাং ১২/০২/২০২৫**<br>গত ১২/০২/২০২৫ তারিখ সকাল ১০.৩৫ ঘটিকায় কক্সবাজার উপজেলাধীন বিমানবন্দর সংস্থায় দায়িত্বরত আনসার সদস্যগণ আগত ০২ জন মহিলা যাত্রীর গতিবিধি সন্দেহজনক মনে হলে তাদেরকে জিজ্ঞাসাবাদ শুরু করেন এবং ৪০০০ পিস নিষিদ্ধ ইয়াবা ট্যাবলেটসহ ০২ জন মহিলা যাত্রীকে আটক করেন। পরবর্তীতে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষকে অবগত করেন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট ০২ জন মহিলা যাত্রীকে হস্তান্তর করেন। |  |
| ১৯. | **তারিখ: ১২/০২/২০২৫**<br>গত ১২/০২/২০২৫ খ্রি: বিকাল ৩:০০ ঘটিকায় দাঁতমারা রাবার বাগান ফটিকছড়িতে দাঁতমার রাবার বাগান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং অঙ্গীভূত আনসার ও ভিডিপি সদস্যদের যৌথ অভিযানে প্রায় ২২ বস্তা রাবার উদ্ধার করা হয়। উদ্ধারকৃত রাবারের আনুমানিক মূল্য: ২৫০০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। |  |
| ২০. | **তারিখ: ১২/০২/২০২৫**<br>গত ১২-০২-২৫ ইং তারিখ রাত ০৮ ঘটিকায় বন্দর নিরাপত্তা শাখার ডিউটিরত আনসার সদস্যগণ  বন্দর ১ নং গেইট সংলগ্ন এলাকা ব্যাগেজ শেড থেকে একজন চোরকে চুরিকৃত মালামালসহ আটক করে। পরবর্তীতে বন্দর কর্তৃপক্ষের উপস্থিতিতে বন্দর থানা পুলিশের নিকট হস্তান্তর করা হয়। |  |

| | | |
|---|---|---|
| ২১. | **তারিখ: ১৩/০২/২০২৫**<br>গত ১৩/০২/২০২৫ তারিখ ১১.০০ ঘটিকায় এ শিফট ডিউটি চলাকালীন সময় কুর্মিটোলা জেনারেল হাসপাতালের ইমার্জেন্সি বিভাগ হতে হারিয়ে যাওয়া ০৩ বছর ০৬ মাস বয়সী এক শিশুকে অভিভাবকহীন অবস্থায় ২য় তলায় কান্না করতে দেখতে পেয়ে ডিউটিরত আনসার সদস্যগণ নিরাপদ স্থানে রাখেন। পরবর্তীতে হ্যান্ড মাইকে ঘোষণা দিয়ে শিশুটির অভিভাবকের খোঁজ করেন। শিশুটির মা তথ্য অফিসে উপস্থিত হলে শিশুটিকে তার নিকট হস্তান্তর করেন। |  |
| ২২. | **তারিখ: ১৩/০২/২০২৫**<br>গত ১৩/০২/২০২৫ তারিখ বিকেল ৫:৩০ ঘটিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের ছাত্র মো: হিমেল মিয়া জাতীয় স্মৃতিসৌধ ঘুরতে এসে মোবাইল হারিয়ে ফেলেন। বিষয়টি আনসার সদস্যগণকে অবগত করার পর আনসার সদস্যগণ এক দর্শনার্থীর কাছ থেকে উক্ত মোবাইল সেটটি উদ্ধার করেন। |  |
| ২৩. | **তারিখ: ১৪/০২/২০২৫**<br>গত ১৪/০২/২০২৫ তারিখ দুপুর ২.২০ ঘটিকায় ঢাকা জেলার সাভার উপজেলায় হল মার্ক গ্রুপ থেকে লোহার কেচি গেট চুরি করে নিয়ে যাওয়ার সময় কর্তব্যরত আনসার সদস্যগণ দেখতে পেয়ে ধাওয়া করে চোরকে আটক করে। পরবর্তীতে আটককৃত চোরকে সংস্থার কর্তৃপক্ষের নিকট সোপর্দ করেন। |  |
| ২৪. | **তারিখ: ১৫/০২/২০২৫**<br>গত ১৫/০২/২০২৫ তারিখ সন্ধ্যা ৭:৩০ ঘটিকায় বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত আনসার সদস্যগণ এক জন চোরকে আটক করে পুলিশের নিকট হস্তান্তর করেন। |  |

| | | |
|---|---|---|
| ২৫. | **তারিখ: ১৬/০২/২০২৫**<br>গত ১৬-০২-২০২৫ তারিখ রাত আনুমানিক ০৮:১০ ঘটিকায় পাঁচলাইশ থানার ২নং গেইট মোড়ে গ্যাস লাইন লিক হয়ে আগুন ধরে যায়। পরবর্তীতে ফায়ার সার্ভিস এসে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। ফায়ার সার্ভিস  গ্যাস লাইন বন্ধ করে দ্রুত আগুন নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়। ২নং গেইট মোড়ে জনতা ব্যাংক, মুরাদপুর শাখার আনসার সদস্যগণ ফায়ার সার্ভিস টিমকে আগুন নিয়ন্ত্রণ কাজে পূর্নাঙ্গ সহায়তা প্রদান করেন। |  |
| ২৬. | **তারিখ: ১৬/০২/২০২৫**<br>গত ১৬/০২/২০২৫ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় রামপাল বাগেরহাট বাংলাদেশ ইন্ডিয়া ফ্রেন্ডশিপ কোঃ লিঃ এর ইয়ার্ড গার্ডে এ ডিউটি চলাকালীন সময়ে আনসার সদস্য কর্তৃক একজন চোরকে আটক করে পুলিশের নিকট হস্তান্তর করেন। |  |
| ২৭. | **তারিখ: ১৭/০২/২০২৫**<br>গত ১৭/০২/২০২৫ তারিখ আনুমানিক সন্ধ্যা ৬:৩০ ঘটিকায় মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পিছন থেকে লোহার দরজা ও কিছু রড চুরি করে নিয়ে যাওয়ার সময় কর্তব্যরত আনসার সদস্য উক্ত চোরকে আটক করে। পরবর্তীতে ইউএনও  এর নির্দেশে শ্রীমঙ্গল থানায় সোপর্দ করেন। |  |
| ২৮. | **তারিখ: ১৯/০২/২০২৫**<br>গত ১৯/০২/২০২৫ তারিখ ০৯৫০ ঘটিকায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এর পার্কিং এরিয়ায় কয়েকজন সিভিল লোক বিদেশ ফেরত যাত্রীদের বিভিন্নভাবে হয়রানি করে আসছিলো। উক্ত ঘটনাটি ডিউটিরত আনসার সদস্যেদের নজরে আসলে তারা হয়রানিকৃতদের একজন সদস্যকে আটক করে বিমান বন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করে। |  |

| | | |
|---|---|---|
| ২৯. | **তারিখ: ১৯/০২/২০২৫**<br>গত ১৯/০২/২০২৫ তারিখ ১১:০৫ ঘটিকায় চট্টগ্রাম মহানগর দক্ষিণ জোন পতেঙ্গা থানাধীন শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের পার্কিং এলাকায় ০৩ (তিন) বছর বয়সের একটি বাচ্চা হারিয়ে যায়। বাচ্চাটির পরিবার কর্তৃক বিষয়টি দায়িত্বরত আনসার সদস্যকে অবগত করলে, দায়িত্বরত আনসার সদস্যগণ বাচ্চাটিকে উদ্ধার করে বিমানবন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। পরবর্তীতে বিমানবন্দর কর্তৃপক্ষ বাচ্চাটিকে তার বাবার নিকট হস্তান্তর করেন। |  |
| ৩০. | **তারিখ: ১৯/০২/২০২৫**<br>গত ১৯/০২/২০২৫ তারিখে ১৪:০০ ঘটিকায়, ঢাকা মহানগর আনসার উত্তর জোনের গুলশান থানাধীন জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালের মেইন গেটে ০১টি smart phone ও কিছু টাকা চুরি করে নিয়ে যাওয়ার সময় ডিউটিরত আনসার সদস্যগণ একজন চোরকে আটক করেন। পরবর্তীতে হাসপাতাল কর্তৃপক্ষের উপস্থিতিতে উক্ত চোরকে পুলিশের নিকট সোপর্দ করেন। |  |
| ৩১. | **তারিখ: ১৯/০২/২০২৫**<br>গত ১৯-০২-২০২৫ তারিখ আনুমানিক রাত ৯.০০ ঘটিকায় কুতুবদিয়া থানাধীন বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, কুতুবদিয়া, কক্সবাজার সংস্থায় অজ্ঞাতনামা ১০/১৫ জন সশস্ত্র ডাকাত দল সংস্থার বৈদ্যুতিক ক্যাবল নিয়া যাওয়ার চেষ্টা করলে দায়িত্বরত আনসার সদস্য তাদের বাঁধা দিলে তারা আনসার সদস্যকে হাতুড়ী, দুই নালা বন্দুক দিয়ে মারধর শুরু করে। আনসার সদস্য ও ডাকাত দলের চেঁচামেচি শুনতে পেয়ে ক্যাম্পে অবস্থানরত বাকী আনসার সদস্য লাঠি নিয়ে তাদের সাথে মোকাবেলা করতে গেলে তাদের ভারি অস্ত্র ও রাম দা'র আঘাতে আনসার সদস্যগণ আহত হয় এবং এক পর্যায়ে ডাকাতদল আনসার সদস্যদের হাত পা ও চোখ বেঁধে টয়লেটের ভিতর বন্দি করে রাখে। আনসারদের মোবাইল ফোন জোরপূর্বক নিয়ে সংস্থার ক্যাবল (যার আনুমানিক মূল্য- ২,৫০,০০০/- দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) ও আমাদের ক্যাম্পের মালামাল লুটপাট শুরু করে এবং মেসের জমাকৃত নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ও রেশনের ডাল, চিনি, তৈল সহ সব কিছু নিয়ে যায়। |  |

| | | |
|---|---|---|
| ৩২. | **তারিখ: ২০/০২/২০২৫**<br>গত ২০/০২/২০২৫ তারিখ আনুমানিক ১.৩০ ঘটিকার সময় ঢাকা জেলার সাভার উপজেলাধীন অনির্বাণ হোল্ডিং লিঃ এর একটি নৌকা চুরি করে নিয়ে যাওয়ার সময় কর্তব্যরত আনসার সদস্য ঘাটের মাঝিদের সাহায্য নিয়ে ০১ টি নৌকা ও একজন চোরকে আটক করতে সক্ষম হয়। পরবর্তীতে চোরকে সংস্থা কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়। |  |
| ৩৩. | **তারিখ: ২০/০২/২০২৫**<br>গত ২০/০২/২৫ তারিখ আনুমানিক ১৩:৩০ ঘটিকায় ঢাকা মহানগর আনসার পূর্ব জোনের সবুজবাগ থানাধীন টিএন্ডটি মুগদাপাড়া আনসার গার্ডে দায়িত্বরত আনসার সদস্য সংস্থায় কর্মরত কর্মচারীর একটি বাই সাইকেল চুরি করে নিয়ে যাওয়ার সময় একজন চোরকে আটক করে। পরবর্তীতে সংস্থার ম্যানেজার জনাব সাইদুর রহমানের নিকট চোরকে হস্তান্তর করা হয়। |  |
| ৩৪. | **তারিখ: ২১/০২/২০২৫**<br>গত ২১/২/২০২৫ তারিখ বরিশাল শেরে-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে একজন সেবা গ্রহিতার মোবাইল চুরি করে পালানোর সময় দায়িত্ব রত আনসার সদস্যগণ একজন চোরকে আটক করেন। পরবর্তীতে আটককৃত চোরকে হাসপাতাল কর্তৃপক্ষের উপস্থিতিতে পুলিশে সোপর্দ করা হয়। |  |
| ৩৫. | **তারিখ: ২২/০২/২০২৫**<br>গত ২২-০২-২০২৫ তারিখ ১২:৩০ ঘটিকায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এর অভ্যন্তরে টার্মিনাল এরিয়ায় প্রবাস ফেরত যাত্রীদের বিভিন্ন ভাবে হয়রানি এবং টাকা দাবী করেন একজন সিভিল লোক। উক্ত ঘটনাটি ডিউটিরত আনসার সদস্যদের নজরে আসলে তারা উক্ত সিভিল লোককে টাকাসহ আটক করে বিমান বন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। |  |
| ৩৬. | **তারিখ: ২২/০২/২০২৫**<br>গত ২৪/০২/২০২৫ তারিখ ১৫:৩০ ঘটিকায় ভিডিপি মৌলিক প্রশিক্ষণ দিনের কার্যক্রম শেষে ফেরার পথে নড়াইল সদর উপজেলার সিটি কলেজের সামনে তরিকুল ইসলাম নামের একজন যুবক মাদকাসক্ত অবস্থায় হাতে ধারালো অস্ত্র নিয়ে সাধারণ একজন বয়স্ক লোককে আঘাত করা অবস্থায় উপজেলা আনসার কোম্পানি কমান্ডার ও উপজেলা প্রশিক্ষক এর সহযোগিতায় উক্ত ব্যক্তিকে আটক করে বয়স্ক লোককে রক্ষা করে। |  |

| | | |
|---|---|---|
| ৩৭. | **তারিখ: ২৪/০২/২০২৫**<br>গত ২৪/০২/২০২৫ তারিখ ভোর ৫.৩০ ঘটিকার মুন্সিগঞ্জ জেলার টঙ্গিবাড়ি উপজেলার ভিডিপি সদস্য মোহাম্মদ সাগর শেখ নামাজ পড়তে মসজিদে যাওয়ার পথে ব্রিজের ঢালে দুজন লোককে মিশুক গাড়ি উপরে উঠানোর জন্য ধাক্কাধাক্কি করতে দেখেন। তাদের গতিবিধি দেখে সন্দেহ হলে সাগর শেখ চিৎকার করে লোকজন জড়ো করেন এবং দুজন চোর তৎক্ষনাৎ মিশুক ফেলে পালিয়ে যায়। পরে গাড়িটি সাগর শেখের বাড়িতে নিয়ে যাওয়া হয় এবং প্রয়োজনীয় প্রমাণপত্রসহ মালিককে নিয়ে যাওয়ার জন্য প্রচার করা হয়। উপযুক্ত প্রমাণসহ কেউ মিশুকটি নিতে না আসলে স্থানীয় পুলিশের কাছে হস্তান্তর করা হয়। |  |
| ৩৮. | **তারিখ: ২৫/০২/২০২৫**<br>গত ২৫/০২/২৫ তারিখ ১১:৪৫ ঘটিকায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এর পার্কিং এরিয়ায় একজন মহিলা প্রবাস ফেরত যাত্রীদের বিভিন্নভাবে উক্তোক্ত ও হয়রানি করেন। উক্ত ঘটনাটি ডিউটিরত আনসার সদস্যদের নজরে আসলে তারা উত্তোক্তকারীকে আটক করে বিমান বন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। |  |
| ৩৯. | **তারিখ: ২৫/০২/২০২৫**<br>গত ২৫/০২/২০২৫ তারিখে ১২.৩০ ঘটিকায় এ শিফট ডিউটি চলাকালীন কুর্মিটোলা জেনারেল হাসপাতালের মহিলা কাউন্টার এরিয়া হতে ০৭ বছর বয়সী এক শিশুকে অভিভাবকহীন অবস্থায় দেখতে পেয়ে ডিউটিরত আনসার সদস্য নিরাপদ স্থানে রাখেন এবং হ্যান্ড মাইকে ঘোষণা দিয়ে শিশুটির অভিভাবকের খোঁজ করতে থাকেন। পরে শিশুটির বাবা তথ্য অফিসে উপস্থিত হলে শিশুটিকে তার নিকট হস্তান্তর করা হয়। |  |
| ৪০. | **তারিখ: ২৬/০২/২০২৫**<br>গত ২৬/০২/২০২৫ তারিখ আনুমানিক ১১:০০ ঘটিকায় এ শিফট ডিউটি চলাকালীন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের হ্যাভি লাগেজ ক্যানোপি স্টাফ গেইট এর বাহিরে ডিউটিরত আনসার সদস্যগণ কনস্ট্রাকশন এর গ্রিল চুরি করার সময় জাহাঙ্গীর ও লাভলী নামক দুজন চোরকে আটক করে। পরবর্তীতে এভসেক সদস্যদের উপস্থিতিতে চোরদের ম্যাজিস্ট্রেট কোর্টে হস্তান্তর করা হয়। |  |
| ৪১. | **তারিখ: ২৬/০২/২০২৫**<br>গত ২৬/০২/২৫ তারিখ সকাল ৯.০০ ঘটিকার চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ১৪ নং ওয়ার্ডের ওয়ার্ডবয় মোঃ এমদাদ হোসেন কে ১৪ কার্টুন সরকারি ঔষধ বাইরে পাচার করার সময় কর্তব্যরত আনসার সদস্যগণ তাকে আটক করেন। পরবর্তীতে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক উক্ত ওয়ার্ডবয়কে পুলিশের নিকট সোপর্দ করা হয়েছে। |  |

| | | |
|---|---|---|
| ৪২. | **তারিখ: ২৬/০২/২০২৫**<br>গত ২৬/০২/২০২৫ তারিখে ১২.০০ ঘটিকায় এ শিফট ডিউটি চলাকালীন কুর্মিটোলা জেনারেল হাসপাতালের আউটডোর এরিয়াতে ডিউটিরত আনসার সদস্যগণ ০৬ বছর বয়সী এক শিশুকে অভিভাবকহীন অবস্থায় দেখতে পেয়ে নিরাপদ স্থানে রাখেন। পরবর্তীতে হ্যান্ড মাইকে ঘোষণা দিয়ে শিশুটির অভিভাবকের খোঁজ করতে থাকেন। পরে শিশুটির মা তথ্য অফিসে উপস্থিত হলে শিশুটিকে তার নিকট হস্তান্তর করা হয়। |  |
| ৪৩. | **তারিখ: ২৮/০২/২০২৫**<br>গত ২৮-০২-২০২৫ তারিখ ১৯.২০ ঘটিকায় চট্টগ্রাম মহানগর দক্ষিণ জোন পতেঙ্গা থানাধীন শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের পার্কিং এলাকায় ০৫ (পাঁচ) বছর বয়সের একটি বাচ্চা হারিয়ে যায়। দায়িত্বরত আনসার সদস্যরা বাচ্চাটিকে উদ্ধার করে বিমানবন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। পরবর্তীতে বিমানবন্দর কর্তৃপক্ষ বাচ্চাটির বাবার নিকট হস্তান্তর করেন। |  |